

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৯

০২ আশ্বিন, ১৪২২
তারিখ : -----
১৭ সেপ্টেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Guidelines on ICT Security for Banks and
Non-Bank Financial Institutions** পরিপালন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখঃ অক্টোবর ২৩, ২০০৫ এবং বিআরপিডি সার্কুলার নং-২১, তারিখঃ মে ২০, ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ডিজিটলাইজেশন যুগে প্রবেশ করায় অন্যান্য প্রযুক্তির পাশাপাশি আইসিটি প্রযুক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। প্রযুক্তির ক্রমোন্নতির এ ধারায় বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে যথেষ্ট অগ্রগতি সাধিত হলেও এতদসংশ্লিষ্ট ঝুঁকি ক্রমান্বয়ে জটিল থেকে জটিলতর রূপ ধারণ করছে। বাংলাদেশ ব্যাংক আলোচ্য ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ ও মোকাবেলায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর আইটি সম্পৃক্ত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিটির পর্যবেক্ষণ ও স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে ২০০৫ সনে প্রবর্তিত ও পরবর্তীতে ২০১০ সালে সংশোধিত **Guideline on ICT Security for Banks and Non-Bank Financial Institutions** এ কতিপয় সংশোধনী আনা হয়েছে। সংশোধিত গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এ পাওয়া যাবে। গাইডলাইনটি অনুসরণ/পরিপালন করার জন্য নির্দেশ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ ছাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩৪১।